রাসূলুল্লাহ সাল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লা মাগরিব ও এশার মাঝে একত্র করেন। মাগরিব তিন রাকা‘আত এবং এশা দুই রাকা‘আত আদায় করেন একই ইকামাত দ্বারা।

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লা মাগরিব ও এশার মাঝে একত্র করেন। মাগরিব তিন রাকা‘আত এবং এশা দুই রাকা‘আত আদায় করেন একই ইকামাত দ্বারা”। [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

হাদীসটি আরাফার থেকে ফেরার পর রাতে মুযদালিফায় মাগরীব ও এশার সালাতকে এক আযান এবং প্রতি সালাতের জন্য আলাদা একামত দিয়ে একত্রে আদায় করা এবং এশার সালাতকে কসর করে দুই রাকা‘আত আদায় করা সম্পর্কীয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আমলটি তুলে ধরছে।

http://sunnah.global/hadeeth/bn/show/10623